

২৭ সেপ্টেম্বর, ২০২৩: ১২ আশ্বিন ১৪৩০



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ও মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক সেমিনারে অতিথিরা

## এনএসইউ ও মিয়াজাকি ভার্সিটির মধ্যে সেমিনার

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আতিকুল ইসলাম আজ জাপানের মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ে বি-মিট একাডেমিক সেমিনারে যোগ দিয়েছেন। এ সময় তার সঙ্গে ছিলেন এনএসইউর ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারের (সিপিপি) পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ খসরু মিয়া।

মূল প্রবন্ধে অধ্যাপক আতিকুল ইসলাম বাংলাদেশের শিক্ষা ও মানবসম্পদ উন্নয়নের বর্তমান অবস্থা তুলে ধরেন এবং দুই বন্ধুপ্রতীম দেশের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে সেমিনারের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন।

মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের সভাপতি অধ্যাপক ড. হিরোশি সামেশিমা; ভাইস প্রেসিডেন্ট প্রফেসর কেইসুকে মুরাকামি; আন্তর্জাতিক সম্পর্ক সংস্থার পরিচালক অধ্যাপক তাতসুরো শিনচি; বিশেষ প্রভাষক ইউকি মোরিশিতা বক্তৃতা করেন। তাদের আলোচনায় দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক একাডেমিক সহযোগিতা, সংলাপ সমৃদ্ধ করার ওপর গুরুত্বারোপ করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।